দৈনিক খবর

তারিখ ... 20 OCT 1992 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৪ ...

17

## পলিটেকনিক শিক্ষক ধর্মঘটের ২৯তম দিন অতিবাহিত

দেশের পলিটেকটিন শিক্ষকদের ১০ দফার দাবীতে পূর্ণ কর্মবিরতির গতকাল সোমবার ২৯তম দিন অতিবাহিত হলেও সরকারের পক্ষে দাবী বাস্তবায়নের ঘোষণা না আসায় দিন দিন পরিস্থিতির অবনতি হচ্ছে। যত দিন যাচ্ছে দেশের পলিটেকনিক শিক্ষকদের মধ্যে ক্ষোভ বৃদ্ধি পাচ্ছে এবং তারা উক্ত দাবীসমূহ আদায়ের লক্ষ্যে আগামীতে আরও তীব্র কর্মসূচী গ্রহণের প্রস্তুতি নিচ্ছে। দেশে একটি গণতান্ত্রিক সরকার কার্যকর থাকা অবস্থায় একটি শিক্ষা ব্যবস্থা প্রায় এক মাস যাবত অচল হয়ে পড়ে থাকায় সংশ্লিষ্ট সকল মহল আজ দারুণভাবে উদ্বিগ্ন।

এদিকে বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতি আগামী ২৯শে অক্টোবর ঢাকায় মহাসমাবেশ ও জাতীয় সংসদ অভিমুখে মিছিলের ব্যাপক প্রস্তুতি গ্রহণ করছে। সারা দেশের ২০টি পলিটেকনিক ইনস্টিটিউটের সকল শিক্ষক-শিক্ষিকা ঐদিন মহাসমাবেশে যোগদানের অপেক্ষায় আছে। মহাসমাবেশ শেষ করে জাতীয় সংসদ অভিমুখে মিছিল করে গিয়ে স্পীকার শেখ আবদুর রাজ্জাক, সংসদ নেত্রী ও প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ও সংসদের বিরোধী দলের নেত্রী শেখ হাসিনার নিকট স্মারকলিপি প্রদান করবে।

এছাড়া ২৫শে অক্টোবর ঢাকায় মিছিলসহ প্রেসক্লাবে গমন ও কারিগরী শিক্ষা অধিদপ্তরে ২ ঘন্টার অবস্থান ধর্মঘট এবং অন্যান্য পলিটেকনিক ইনস্টিটিউটে শাখা থেকে মিছিলসহ জেলা প্রশাসকের দপ্তর গমন ও ২ ঘন্টা অবস্থান ধর্মঘট পালন করবে। —প্রেস বিজ্ঞপ্তি।